গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত),ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd ; email : info@banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.০১৮.০৩৩.২০১৭(পার্ট-২)-২৭৬৩

তারিখ : ০২ বৈশাখ,১৪২৫
১৫ এপ্রিল,২০১৮

বিষয়: আগামী ১৫ মে, ২০১৮ তারিখ গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিল ও সাধারণ আসনের কাউন্সিল পদে নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রীপরিষদ বিভাগ এর স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০২.২০১১.২২৭ তারিখ: ০৩.০৪.২০১৮ খ্রি. এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং: ৩১.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৭৩ তারিখ: ১১.০৪.২০১৮ খ্রি. তারিখের পত্র ২(দুই) টি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ ফসিউল্লাহ্)
পরিচালক ও অতিরিক্ত সচিব
ফোন: ৯৬৬৫৭৫৭

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার বিভাগ, ব্যানবেইস, ঢাকা।(পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, গাজীপুর/শ্রীপুর,গাজীপুর/পাইগাছা,খুলনা/ ডুমুরিয়া, খুলনা/দিঘলিয়া, খুলনা।
০৩. সহকারী প্রোগ্রামার, UITRCE কালিগঞ্জ, গাজীপুর/শ্রীপুর,গাজীপুর/পাইগাছা,খুলনা/ডুমুরিয়া, খুলনা/দিঘলিয়া, খুলনা।
০৪. কম্পিউটার অপারেটর,UITRCE কালিগঞ্জ, গাজীপুর/শ্রীপুর,গাজীপুর/পাইগাছা,খুলনা/ ডুমুরিয়া, খুলনা/দিঘলিয়া, খুলনা।
০৫. ল্যাব এ্যাসিসটেন্ট, UITRCE কালিগঞ্জ, গাজীপুর/শ্রীপুর,গাজীপুর/পাইগাছা,খুলনা/ ডুমুরিয়া, খুলনা/দিঘলিয়া, খুলনা।
০৬. অফিস কপি।

ব্যানবেইস
সাধারণ ডাইরী ৩৩৫০
তারিখ ২৫/০৪/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৭০

তারিখ: ২৮ চৈত্র ১৪২৪
১১ এপ্রিল ২০১৮

বিষয়: **আগামী ১৫ মে, ২০১৮ তারিখ গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিল ও সাধারণ আসনের কাউন্সিল পদে নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০২.২০১১.২২৭, তারিখ: ০৩ এপ্রিল, ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ মে, ২০১৮ তারিখ গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিল ও সাধারণ আসনের কাউন্সিল পদে নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের প্রতি অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে নির্বাচন কমিশন কর্তৃক অনুরোধ জানানো হয়েছে। এছাড়াও নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সংগে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদিল করা হতে বিরত থাকার জন্য অনুরোধও জানানো হয়েছে।

০২. বর্ণিতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র

১১-৪-২০১৮
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৫) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৬) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এন্ড.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০২.২০১১.২২৭

তারিখ: ২০ চৈত্র ১৪২৪ / ০৩ এপ্রিল ২০১৮

বিষয়: আগামী ১৫ মে ২০১৮ তারিখ গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১৫ মে ২০১৮ তারিখ গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রাখা সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। নির্বাচন কমিশনের অনুরোধক্রমে সরকারের পক্ষ হতে আইনশৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২। নির্বাচন কমিশন সচিবালয় জানিয়েছে যে গাজীপুর সিটি কর্পোরেশন এবং খুলনা সিটি কর্পোরেশন-এর নির্বাচন পরিচলানার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক রিটার্নিং ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ ও বাতিলের আদেশের বিরুদ্ধে আপিল গ্রহণ এবং আপিল নিষ্পত্তির জন্য গাজীপুর সিটি কর্পোরেশনে আপিল কর্তৃপক্ষ হিসেবে বিভাগীয় কমিশনার, ঢাকাকে এবং খুলনা সিটি কর্পোরেশনে আপিল কর্তৃপক্ষ হিসেবে বিভাগীয় কমিশনার, খুলনাকে নিয়োগ করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মচারী এবং সরকারি অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলী নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। ভোটকেন্দ্রের আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট নিয়োগ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সদস্যদের মোতায়েন করা হবে। বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটগ্রহণের কাজে ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে।

৩। গাজীপুর এবং খুলনা সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সরকারি/স্বায়ত্তশাসিত/ বেসরকারি/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অতীতের মতো এই নির্বাচনেও নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন বলে সরকার আশা করে। নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের বিধান সংবলিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন)-এর ২ এর (ঘ) এবং ৪ এর (৩)(৪)(৫) ধারা অনুসারে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা/কর্মচারী উক্তরূপে নিয়োগের তারিখ হতে নির্বাচনি দায়িত্ব হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁর নিজ চাকুরির অতিরিক্ত হিসাবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকুরিরত বলে গণ্য হবেন। প্রেষণে চাকুরিরত অবস্থায় তিনি নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে নির্বাচন কমিশন এবং ক্ষেত্রমতে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকবেন এবং তাঁদের যাবতীয় আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বাধ্য থাকবেন। প্রেষণে থাকাকালে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব অগ্রাধিকার পাবে।

৪। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০-এর বিধি ৩ অনুসারে সকল নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

৫। এমতাবস্থায়, উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের অধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ জানানো হলো।